

নং-৪৬.৪২.৪৪০০.০০০.১৪.০৯১.১৫. ২২৫৬


০৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২০ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঝিনাইদহ জেলা পরিষদের মালিকানাধীন নিজস্ব জমিতে টিনসেড দোকান নির্মাণ সংক্রান্ত।

সূত্রঃ ১) ঝিনাইদহ জেলা পরিষদের স্মারক নং-জেপবি/ডি.ও-১৭৭/২০১৭/৩৭, তারিখঃ ১১/৭/২০১৭।
২) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর স্মারক নং-০৫.৪৪.০০০০.০০৪.১৯.০০১.২০১৭.৭৩৯,
তারিখঃ ২৩/১০/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাসহ, কালীগঞ্জ, হরিণাকুণ্ড, মহেশপুর এবং কোটচাঁদপুর উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন নিজস্ব জমিতে সেলামীর মাধ্যমে ২০০টি টিনসেড দোকান নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পসমূহ বাস্তবায়নের অনুমোদন দেয়ার জন্য চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝিনাইদহ অনুরোধ জানান (সংযুক্তি-১)। বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগকে অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে, সূত্রোক্ত ২নং স্মারকে পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করেছেন (সংযুক্তি-২)। উল্লেখ্য, জমি একটি মূল্যবান সম্পদ। জমির সর্বোচ্চ ব্যবহার করার লক্ষ্যে সঠিক ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন প্রয়োজন। সে কারণে জেলা পরিষদের মালিকানাধীন যেসকল জমিতে টিনসেড দোকান নির্মাণের প্রস্তাব করা হয়েছে সে বিষয়টি বাস্তবসম্মত কিনা; ভবিষ্যতে উক্ত জমিতে সরকারের গুরুত্বপূর্ণ কোন স্থাপনা নির্মাণের প্রয়োজন হবে কিনা; দীর্ঘমেয়াদী পরিকল্পনা বিবেচনায় রেখে কোন কোন জমিতে বহুমুখী ব্যবহার উপযোগী বহুতল ভবন নির্মাণের কোনো পরিকল্পনা করা যায় কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে সম্ভাব্যতা যাচাইপূর্বক (সংশ্লিষ্টদের নিয়ে একটি কমিটি গঠন করে) একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


২০/১১/১৭
(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার
খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝিনাইদহ।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।